রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ২৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নম্বর ২৭৪-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;



মূল্য : টাকা ২৪.০০

(ঘ) **“পদ”** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **“প্রয়োজনীয় যোগ্যতা”** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **“শিক্ষানবিশ”** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) “সিজিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(জ) **“স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড”** বা **“স্বীকৃত প্রতিষ্ঠান” বা “স্বীকৃত ইনস্টিটিউট”** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোনো বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) বদলির মাধ্যমে;এবং

(ঘ) প্রেষণে বদলির মাধ্যমে ।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, ও তদন্তের ফলে দেখা যায় না যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৬-১১ গ্রেডের কোনো পদ হইতে ১০ গ্রেডের কোনো পদে এবং ১২-১০ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে, তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

**৬। শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) কুক হেলপার, বেয়ারার, বাবুর্চি, পরিচ্ছন্নতা কর্মী, অফিস সহায়ক, হেলপার ও নিরাপত্তা প্রহরী পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে—

(ক) উহার বিপরীতে "আউট সোর্সিং (out sourceing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে; এবং

(খ) উক্ত পদ হইতে কোনো পদে পদোন্নতির বিধান কার্যকর থাকিবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Officers and Staff (National Electro-Medical Equipment Maintanence Workshop And Training Centre) Recruitment Rules, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকরতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা, এই বিধিমালার বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

**[ বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সার্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | চিফ টেকনিক্যাল ম্যানেজার (গ্রেড-৪) | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার) বা টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বায়োমেডিকেল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা বা ফলিত পদার্থ বিদ্যা এবং ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>সরকারের উপযুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২. | টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার) (গ্রেড-৬) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স), সহকারী প্রকৌশলী (এক্সরে), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (মেকানিক্যাল), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রনিক্স), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (এক্সরে) বা সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, ইলেকট্রনিক্স বা বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৩. | টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং) (গ্রেড-৬) | ৩৭ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে : সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স), সহকারী প্রকৌশলী (এক্সরে), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (মেকানিক্যাল), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রনিক্স), সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (এক্সরে) বা সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) পদে অন্যূন ৫ পাঁচ বৎসরের চাকুরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | ইলেকট্রনিক্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রেঃ**<br>সরকারের উপযুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে (ইলেকট্রনিক্স) বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৬. | সহকারী প্রকৌশলী (এক্সরে) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (এক্সরে) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স, বায়োমেডিক্যাল বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭. | সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (মেকানিক্যাল) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল-বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৮. | সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে (ইলেকট্রিক্যাল) বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৯. | সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (ইলেকট্রনিক্স) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স, বায়োমেডিক্যাল বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১০. | সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (এক্সরে) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপসহকারী প্রকৌশলী (এক্সরে) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স, বায়োমেডিক্যাল বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১. | সহকারী মেরামত-কাম-প্রশিক্ষণ প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপসহকারী প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেকট্রনিক্স, বায়োমেডিকেল বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১২. | উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট), সিনিয়র টেকনিশিয়ান (ওয়েল্ডার কাম শিট মেটাল), সিনিয়র টেকিনিশিয়ান (মেকানিক্যাল ফিটার) বা সিনিয়র টেকনিশিয়ান (পেইন্টার) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| ১৩. | উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রিকাল) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪. | উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| ১৫. | উপসহকারী প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে : এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (এক্সরে) (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিশিয়ান (এক্সরে) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, পাওয়ার বা রেফ্রিজারেটর এন্ড এয়ারকন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭. | উপসহকারী প্রকৌশলী (অপটিক্যাল) (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, পাওয়ার বা রেফ্রিজারেটর এন্ড এয়ারকন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| ১৮. | সরবরাহ ও সংগ্রহ কর্মকর্তা (গ্রেড-১০) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টোর কিপার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) স্টোর ব্যবস্থাপনা এবং সংগ্রহ ও সরবরাহ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| ১৯. | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রধান সহকারী বা পিএ টু চিফ টেকনিক্যাল ম্যানেজার (সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর বা পিএ টু টেকনিক্যাল ম্যানেজার (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১১) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১. | সিনিয়র টেকনিশিয়ান (ইলেট্রিক্যাল) (গ্রেড-১২) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক ওয়ার্কস এন্ড মেইন্টেন্যান্স, কম্পিউটার অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেড্রে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স ওয়ার্কস, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২. | সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) (গ্রেড-১২) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন, কম্পিউটার অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩. | সিনিয়র টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) (গ্রেড-১২) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেড্রে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেডে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪. | সিনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট) (গ্রেড-১২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মেশিন টুলস অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>মেশিন টুলস অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫. | সিনিয়র টেকনিশিয়ান (ওয়েল্ডার কাম শিট মেটাল) (গ্রেড-১২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৬. | সিনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল ফিটার) (গ্রেড-১২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মিল রাইট বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মিল রাইট বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭. | সিনিয়র টেকনিশিয়ান (পেইন্টার) (গ্রেড-১২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে পেইন্টিং বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে পেইন্টিং বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮. | সিনিয়র টেকনিশিয়ান (এক্সরে) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বা কম্পিউটার অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কোন স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯. | প্রধান সহকারী (গ্রেড-১৩) | | পদোন্নতির মাধ্যমে | হিসাবরক্ষক কাম কোষাধ্যক্ষ পদে অন্যূন (ছয়) বৎসর অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৩০. | পিএ টু চিফ টেকনিক্যাল ম্যানেজার (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) (গ্রেড-১৩) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>পিএ টু টেকনিক্যাল ম্যানেজার (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>The Stenographars & Stenotypist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহারের পরিবর্তে কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে :<br>(ক) বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(খ) ইংরেজি : প্রতি মিনিটে ৩০ শব্দ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১. | পিএ টু টেকনিক্যাল ম্যানেজার (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) (গ্রেড-১৪) | The Stenographars & Stenotypist (Ministries, Divisions & Attached Departments) recruitment Rules, 1978 অনুযায়ী। তবে "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহারের পরিবর্তে কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে :<br>(ক) বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ। (খ) ইংরেজি : প্রতি মিনিটে ৩০ শব্দ। | | |
| ৩২. | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১৪) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে হেলপার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি;<br>তবে কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণগণের ক্ষেত্রে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২ (দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স ওয়ার্কস, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৩. | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১৪) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে হেলপার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি;<br>তবে কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণগণের ক্ষেত্রে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২ (দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪. | টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) (গ্রেড-১৪) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে হেলপার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরিঃ<br>তবে কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণগণের ক্ষেত্রে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২ (দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫. | সিনিয়র স্টোর কিপার (গ্রেড-১৪) | .. | বদলির মাধ্যমে | স্টোর কিপার পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ৩৬. | স্টোর কিপার (গ্রেড-১৪) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ৩৭. | হিসাবরক্ষক কাম কোষাধ্যক্ষ (গ্রেড-১৪) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) হিসাবরক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা, এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | .. | মোট পদের—<br>(ক) ৩০% পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস, এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে "সাটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে;<br>(ক) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ। |
| ৩৯. | (ক) ড্রাইভার (গ্রেড-১৫)<br>(খ) ড্রাইভার (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এতদসংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী। |
| ৪০. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪১. | হেলপার (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪২. | অফিস সহায়ক (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪৩. | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী;<br>তবে মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে। জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সকল পদ সাধারণ প্রার্থীগণের দ্বারা পূরণ করা যাইবে। | | |
| ৪৪. | বাবুর্চি (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪৫. | বেয়ারার (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪৬. | কুক হেলপার (গ্রেড-২০) | "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**

[বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (ক) লিখিত পরীক্ষা | | ৮০ | ৫০% | | ৯০ মিনিট |
| ১. | বাংলা | ২৫ | | | |
| ২. | ইংরেজি | ২৫ | | | |
| ৩. | গণিত | ১৫ | | | |
| ৪. | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ২০ | | | |
| | সর্বমোট | ১০০ | | | |

ব্যাখ্যা ঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

[বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (ক) লিখিত পরীক্ষা | | ৮০ | ৫০% | ৯০ মিনিট |
| ১. | বাংলা | ২০ | | |
| ২. | ইংরেজি | ২০ | | |
| ৩. | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ২৫ | | |
| ৪. | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ২০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

ব্যাখ্যা ঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৪

[বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (ক) লিখিত পরীক্ষা | | ৪০ | ৫০% | ১ ঘন্টা |
| ১. | বাংলা | ১৫ | | |
| ২. | ইংরেজি | ১০ | | |
| ৩. | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ৫০ | | |

ব্যাখ্যা ঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd